




মৌসুমী কৃষকদের আলোচনা

--মৌসুমী ক্যালেন্ডার--

মৌসুমী ক্যালেন্ডার

একটি স্থানের কৃষকদের প্রয়োজনীয়তাকে চিহ্নিত করার উদ্দেশ্যে প্রয়োজনীয়তা চিহ্নিতকারী কৃষক দলকে
এবং বহর করা হয়। নিচের পদ্ধতি গুলো কেন্দ্রীয় আলোচনার হাতিয়ার হিসাবে মৌসুমী শস্য সংগ্রহ ক্যালেন্ডার
এবং নিচের ক্যালেন্ডার



মৌসুমী শস্য সংগ্রহ ক্যালেন্ডার

কিভাবে এই দলকে কাজে লাগানো যাবে?

1. মৌসুমী ক্যালেন্ডার, স্বাগত জানানো, জমা

পরিচালক কৃষকদের স্বাগত জানানো এবং

- পরিদর্শক দলের সকল সদস্যদের পরিচয় করিয়ে দেবেন
- সভার উদ্দেশ্য ও রূপরেখা বর্ণনা করবেন- যেমন, কৃষকেরা প্রধান যে সমস্যার সম্মুখীন হয় সেটি
যৌথভাবে সনাক্ত করবে।
- মনে রাখতে হবে যে আলোচ্য বিষয়গুলো আলোচনার সুবিধার্থে পোস্টেড শীটে লিখে নিতে হবে।
- অংশগ্রহনকারীদের মন্ব্য তাদের মতই থাকতে হবে- যেনো এটা মনে না হয় যে মন্ব্য সংশোধন করা হয়েছে।
- অন্যের কথা মাঝে প্রতিবন্ধকতা সৃষ্টি করা থেকে বিরত থাকতে হবে এবং মনে রাখতে হবে সেখানে ভুল বা শুদ্ধ উত্তর খোঁজার কোন দরকার নেই-
অর্থাৎ সম্মানজনক আচরণ বজায় রাখতে হবে।
- সভাটি যেনো এক ঘণ্টার বেশী স্থায়ী না হয়।

2. মৌসুমী ক্যালেন্ডার:

সহায়তাকারী দুটি বড় কাগজের শীট নেবেন। একটি শীটে প্রতি মৌসুমের ফসলের নাম এবং ফলনের
জন্যে বিশেষ কোন ব্যবস্থাপনা পদ্ধতি প্রয়োগ করলে তা লিপিবদ্ধ করতে হবে। (উপরে ডান দিকের
চিত্রটি লক্ষণীয়) অন্য শীটে, কৃষকেরা যে সকল সমস্যার কথা বলেছে তা লিপিবদ্ধ করতে হবে। যখন
সম্ভব তখন এই শীটগুলো তাদের কাছে পাঠিয়ে দেয়া, যাতে তারা দেখতে পারে কি কি লিপিবদ্ধ করা
হয়েছে। পরিচালনাকারী মৌসুমী শস্য সংগ্রহ ক্যালেন্ডারটি দলের কাছে পরিচিত করিয়ে দেবেন যা
নিচের প্রশ্নাবলীর জন্যে মন্ব্য দৃশ্যমান হয়। প্রশ্নগুলো প্রাথমিক অবস্থায় মৌসুম বিষয়ক এরপর
একে একে শস্য বিষয়ক, নির্দিষ্ট এলাকার কৃষি পদ্ধতির প্রধান প্রধান পরিপ্রেক্ষিত গুলোকে কাছে নিয়ে
আসে তাই এটি একটি আদর্শ পদ্ধতি।



প্রশ্নাবলী:

- প্রতিটি মৌসুমের প্রধান প্রতিবন্ধকতাগুলো কি?
 - প্রতিটি মৌসুমে আপনি কোন কোন শস্য উৎপাদন করেন?
 - প্রতিটি শস্যের চাষের সময়সীমা কত?
 - উৎপাদন করতে গিয়েছিলেন কিন্তু পরিকল্পনা পরিত্যক্ত হয়েছে এরকম কোন শস্য আছে কি? যদি উত্তর 'হ্যাঁ' হয় তাহলে কারণটি বলুন।
 - প্রয়োজনীয় দ্রব্যাদি কেনা, উৎপাদন, ফসল সংগ্রহ পরবর্তী সময়, বিপন্ন এ বিষয়গুলো সহযোগে একটি প্রধান শস্যের কৃষি কার্যক্রমটি দয়া করে
ব্যাখ্যা করুন।
 - প্রতিটি কার্যক্রমের সীমাবদ্ধতা কি?
 - এছাড়া অন্য আর কি কি সমস্যা ঘটতে পারে?
2. সমস্যার বিভাগকরণ, মান নির্ণয় ও ধাপ নির্দেশ
- মৌসুমী ক্যালেন্ডার চার্ট পেপার দলের সকলের সামনে উপস্থাপন করবেন। কৃষকদের প্রত্যেককে কলম ও কাগজ দেয়া হবে যাতে
তারা সমস্যাগুলোর মান নির্ণয় করতে পারে। কৃষকেরা যেনো ক্রম অনুসারে তিনটি প্রধান সমস্যার কথা উল্লেখ করেন। উত্তর গুলো একিভূত করে
কৃষকদের সামনে উপস্থাপন করতে হবে। আমাদের অভিজ্ঞতার আলোকে বলতে পারি যে যখন উচ্চস্বরে সমস্যাগুলো একে একে পাঠ করা হয় এবং
কেউ যদি কৃষকদেরকে নাম্বার লিখতে সহায়তা করে তাহলে অশিক্ষিত কৃষকেরাও এ কাজে অংশগ্রহন করতে সক্ষম হবে। সমস্যার ক্রম অনুসারে কিছু
আলোচনা হতে পারে এবং সহায়তাকারী এর মন্ব্যগুলো লিপিবদ্ধ করবেন।
3. ফোকাস গ্রুপ আলোচনায় অংশ নেয়ার জন্যে কৃষকদের ধন্যবাদ জানান। সাংস্কৃতিক ভাবে যথাযথ, উপযুক্ত কোন উপহার অংশগ্রহনকারীদেরকে দেয়া
যেতে পারে (যেমন, হাত ধোয়ার সাবান)

আলোচনার মধ্যে সমস্যাকে চিহ্নিত করার জন্যে মাঠ পরিদর্শন করুন।



Developed with input from Neda Yousefian,
Frederik Sagemuller and Mark Bell 2012
Translated by Md. Nurul Alam Siddique, December, 2013



Copyright © BIID, 2013. All Rights Reserved.
Modified and used with permission by the USAID/MEAS Project.
For more information visit: <http://ip.ucdavis.edu>

